# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪২৮

১৭/ ক্রয়-বিক্রয় ও ব্যাবসা-বাণিজ্য (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৪৯. অগ্রিম মূল্য নিয়ে বিক্রি করা।

## باب فِي السَّلَفِ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا ابْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا شُعْبَةُ، أَخْبَرَنِي مُحَمَّدٌ، أَوْ عَبْدُ اللَّهِ بْنُ مُجَالِدٍ قَالَ اخْتَلَفَ عَبْدُ اللَّهِ بْنُ شَدَّادٍ وَأَبُو بُرْدَةَ فِي السَّلَفِ فَبَعَثُونِي إِلَى ابْنِ أَبِي أَوْفَى فَسَأَلْتُهُ فَقَالَ إِنْ كُنَّا نُسْلِفُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَأَبِي بَكْرٍ وَعُمَرَ فِي الْحِنْطَةِ وَالشَّعِيرِ وَالتَّمْرِ وَالزَّبِيبِ ـ زَادَ ابْنُ كَثِيرٍ ـ إِلَى قَوْمٍ مَا هُوَ عِنْدَهُمْ . ثُمَّ اتَّفَقَا وَسَأَلْتُ ابْنَ أَبْزَى فَقَالَ مِثْلَ ذَلِكَ .

বাংলা

৩৪২৮. হাফস ইবন উমার (রহঃ) ..... মুহাম্মদ অথবা আবদুল্লাহ ইবন মুজালিদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আবদুল্লাহ ইবন শাদ্দাদ এবং আবূ বুরদা (রাঃ)-এর মধ্যে অগ্রিম বিক্রি নিয়ে মতভেদ দেখা দেয়। তখন তাঁরা আমাকে ইবন আবূ আওফা (রাঃ)-এর নিকট প্রেরণ করেন। আমি তাঁর কাছে এ সম্পর্কে প্রশ্ন করলে তিনি বলেনঃ আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যামানায় এবং আবূ বকর (রাঃ) ও উমার (রাঃ)-এর সময় গম, যব, খেজুর এবং কিসমিস অগ্রিম বিক্রি করতাম।

রাবী ইবন কাছীর (রহঃ) এরূপ অতিরিক্ত বর্ণনা করেন যে, অগ্রিম বিক্রি এমন লোকদের সাথে করা হতো, যাদের কাছে এ ধরনের ফল থাকতো না। এরপর আমি ইবন আবযা (রহঃ)-কে জিজ্ঞেস করলে তিনি ও এরূপ বলেন।

## English

Muhammad or 'Abd Allah b. Mujahid said:
'Abd Allah b. Shaddad and Abu Burdah disputed over salaf (payment in advance). They sent me to Ibn Abi Awfa and I asked him (about it) and he replied: We used to pay in advance (salaf) during the time of the Messenger of Allah (ﷺ), Abu Bakr and 'Umar in wheat, barley, dates and raisins. Ibn Kathir added: "to those people who did not possess these things." The

agreed version then goes: I then asked Ibn Abza who gave a similar reply.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35535

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন